বল্লভভাইয়ের প্রতি শ্রদ্ধার্ঘ্য রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, মুখ্যমন্ত্রীর

নয়াদিল্লি, ৩১ অক্টোবর : রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ, উপরাষ্ট্রপতি বেঙ্কাইয়া নাইডু, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মঙ্গলবার সর্দার বল্লভভাই প্যাটেলের জন্মজয়ন্তী উপলক্ষ্যে নতুন দিল্লির প্যাটেল চকে সর্দার প্যাটেলের মূর্তিতে পুষ্পার্ঘ্য নিবেদন করেন। প্রধানমন্ত্রী বলেন, মেজর ধ্যানচাঁদ ন্যাশনাল স্টেডিয়াম থেকে একতা দৌড়ের সূচনা করেন।

পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ও সর্দার প্যাটেলের জন্মদিনে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। জাতীয় ঐক্য দিবস উপলক্ষ্যে তিনি রাজ্যবাসীকে অভিনন্দন জানান। তিনি তাঁর ট্যুইটারে এ কথা লিখেছেন।

ইন্দিরা গান্ধির প্রতি শ্রদ্ধা : এদিন ছিল ভারতের প্রয়াত প্রাক্তন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধির মৃত্যু দিবস। প্রধানমন্ত্রী মোদী শ্রীমতী ইন্দিরা গান্ধির কথা স্মরণ করেন। দেশজুড়ে ইন্দিরা গান্ধির মৃত্যুবার্ষিকী পালিত হয়েছে নানাভাবে। প্রাক্তন প্রধানমন্ত্রী মনমোহন সিং, প্রাক্তন রাষ্ট্রপতি প্রণব মুখোপাধ্যায় ইন্দিরা গান্ধির উদ্দেশে শ্রদ্ধা নিবেদন করেন। এছাড়া কংগ্রেস সহ সভাপতি রাহুল গান্ধি শক্তিস্থলে গিয়ে ইন্দিরা গান্ধির স্মৃতিসৌধে পুষ্পার্ঘ্য অর্পণ করেন। অসুস্থতার কারণে সোনিয়া গান্ধি অনুষ্ঠানে উপস্থিত হতে পারেননি। কয়েকদিন আগেই তিনি হঠাৎ অসুস্থ হয়ে পড়েন। তাঁকে দিল্লির একটি হাসপাতালে ভর্তি করা হয়েছিল। সুস্থ হওয়ার পর তিনি নিজের বাসভবনে ফিরে যান। প্রাক্তন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধি ১৯৮৪ সালের ৩১ অক্টোবর নিজের বাসভবনে দেহরক্ষীদের গুলিতে নিহত হন। প্রতি বছর কংগ্রেস কর্মীরা সহ বিভিন্ন দলের নেতারা এই দিনটিতে ইন্দিরা গান্ধিকে শ্রদ্ধা জানান।

বাংলায় বিনিয়োগ টানতে মুম্বইয়ে মুখ্যমন্ত্রী

স্টাফ রিপোর্টার : পশ্চিমবঙ্গে আরও বেশি করে বিনিয়োগ টানার লক্ষ্যে একটি বণিকসভার আমন্ত্রণে মঙ্গলবার বিকেলে কলকাতা থেকে মুম্বইয়ে এসে পৌঁছন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তাঁর সঙ্গে মুখ্যসচিব সহ রাজ্য সরকারের অন্যান্য আধিকারিকরাও গিয়েছেন বলে জানা যায়। মুম্বইয়ে দেশের সেরা শিল্পপতিদের সামনে বক্তব্য রাখবেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এছাড়া মুম্বইয়ে শিল্পপতিদের সঙ্গে বুধবার তিনি আলাদাভাবে বৈঠক করতে পারেন। ২০১৮ সালের জানুয়ারি মাসে হতে চলা বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলনে শিল্পপতিদের রাজ্যে আমন্ত্রণ জানানো হবে বলে জানা যায়। মুম্বইয়ে মুখ্যমন্ত্রীর মূল লক্ষ্য থাকবে বিনিয়োগ টানা। পশ্চিমবঙ্গ যে বিনিয়োগে সেরা গন্তব্য সেটাই শিল্পপতিদের সামনে তুলে ধরবেন মুখ্যমন্ত্রী। মঙ্গলবার তিনি মুম্বইয়ে পৌঁছনোর পরেই দেশের প্রথম সারির বহু শিল্পপতি তাঁর সঙ্গে যোগাযোগের চেষ্টা করেন বলে জানা যায়।

রাজ্যে বন্যায় ক্ষতিগ্রস্ত কৃষকদের জন্য ৩০৮.১০ কোটি ধার্য

স্টাফ রিপোর্টার : রাজ্যের সাম্প্রতিক বন্যা পরিস্থিতিতে ১৩টি জেলার ক্ষতিগ্রস্ত কৃষকদের সহায়তার জন্য ৩০৮ কোটি ১০ লক্ষ টাকা বরাদ্দ করল রাজ্য সরকার। এই জেলাগুলি হল মুর্শিদাবাদ, দুই বর্ধমান, দুই মেদিনীপুর, দুই ২৪ পরগনা, বাঁকুড়া, পুরুলিয়া, ঝাড়গ্রাম, হাওড়া, হুগলি ও নদিয়া। আগামী ১৫ নভেম্বর থেকে শুরু হবে চেক বিলির কাজ। রাজ্যে সম্প্রতি বন্যায় ক্ষতিগ্রস্ত জেলাগুলির মধ্যে মুর্শিদাবাদ ৮৬৭.৫১ লক্ষ, উত্তর ২৪ পরগনা ৩,৭৩০.০৫ লক্ষ, দক্ষিণ ২৪ পরগনা ২,১৯৮.৮৮, হাওড়া ১,৮৩৩.৫৭, হুগলি ২,৬৮১.২৪, পূর্ব বর্ধমান ১,৪২১.১৫, বীরভূম ১,৩৩৮.১৫, বাঁকুড়া ৮৫৪.১৫, পুরুলিয়া ৩২০.৪৯, ঝাড়গ্রাম ৫৭.১১, পশ্চিম মেদিনীপুর ৮,৩৭৯.০০, পূর্ব মেদিনীপুর ৭,১১২.৮৮, বর্ধমান ১৬.৩৪। নবান্ন সূত্রের খবর, বন্যায় ক্ষতিগ্রস্ত কৃষকদের পাশে দাঁড়াতেই রাজ্য সরকারের এই ক্ষতিপূরণ দেওয়ার সিদ্ধান্ত।

ফের চন্দ্রাভিযানে ভারত

নয়াদিল্লি, ৩১ অক্টোবর : ফের চন্দ্রাভিযানের পথে ভারত। ২০১৮-র শুরুতেই একটি ল্যান্ডার ও একটি রোভার চাঁদে পাঠাচ্ছে ইসরো। চাঁদের উৎস ও বর্তমান অবস্থান নিয়ে পরীক্ষা-নিরীক্ষা করার জন্য এই প্রকল্প নেওয়া হয়েছে বলে জানানো হয়েছে ইসরোর পক্ষ থেকে। ২০০৮-এর ৮ নভেম্বর বাস্তবায়িত হয় ভারতের প্রথম চাঁদের সফর চন্দ্রযান-১-এর। পিএসএলভি রকেটে করে পাঠানো হয় যানটিকে। চন্দ্রযান-২ হতে চলেছে প্রায় ১০ বছর পরে। মঙ্গলবার ইসরোর চেয়ারম্যান এ এস কিরণকুমার সংবাদ সংস্থাকে জানিয়েছেন, একটি অরবিটার, ল্যান্ডার সহ বেশকিছু প্রয়োজনীয় যন্ত্রপাতি পাঠানো হচ্ছে চাঁদে। ডিসেম্বরেও অনেকগুলি পরীক্ষা করা হবে।

ইসরোর ভারী রকেট জিএসএলভি শ্রীহরিকোটা থেকে এইসব যন্ত্রপাতি নিয়ে চাঁদের উদ্দেশে যাত্রা করবে। চাঁদের কক্ষপথে পৌঁছনোর পরে ল্যান্ডার এবং রোভার নির্দিষ্ট জায়গা অনুযায়ী সফ্‌ট ল্যান্ডিং করবে বলে জানানো হয়েছে। এরপরই তাদের তোলা ছবি ও তথ্য রেডিও কানেকশনের মধ্য দিয়ে ইসরোর বৈজ্ঞানিকদের কাছে পৌঁছতে শুরু করবে। চাঁদের বর্তমান অবস্থা নিয়ে নতুন তথ্য দিতে সক্ষম হবে ল্যান্ডার ও রোভার, এমনটাই আশা করছেন বিজ্ঞানীরা। ভারতে মহাকাশ গবেষণার ক্ষেত্রে চন্দ্রাভিযান-২ এক নতুন দিশা দেখাবে বলেই আশা সকলের।

সর্দার প্যাটেলের জন্মদিনে হাত নেড়ে ‘রান ফর ইউনিটি’র সূচনা করছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। পাশে স্বরাষ্ট্রমন্ত্রী রাজনাথ সিং সহ অন্যান্যরা। ছবি-পিআইবি

অতীতে সর্দার প্যাটেলের অবদানকে উপেক্ষা করা হয়েছে : প্রধানমন্ত্রী

নয়াদিল্লি, ৩১ অক্টোবর : প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মঙ্গলবার কার্যত কংগ্রেসকে কটাক্ষ করে বলেন, অতীতে ভারতের লৌহপুরুষ সর্দার বল্লভভাই প্যাটেলের অবদানকে খাটো করে দেখানো হয়েছে। কয়েকটি দল এবং তদানীন্তন সরকারগুলি সর্দার বল্লভভাই প্যাটেলের অবদান মুছে ফেলার চেষ্টা করেছিল। অথচ দেশ স্বাধীন হওয়ার পর সর্দার প্যাটেলই ভারতকে শক্তিশালী এবং ঐক্যবদ্ধ করার কাজে ব্রতী হয়েছিলেন। এদিন এই উপলক্ষ্যে ‘রান ফর ইউনিটি’র সূচনা করেন প্রধানমন্ত্রী। দিনটি ছিল সর্দার বল্লভভাই প্যাটেলের ১৪২তম জন্মদিন। তিনি বলেন, অসাধারণ দূরদর্শিতা, রাজনৈতিক দক্ষতা এবং বিচক্ষণতার জন্য ভারতের প্রথম স্বরাষ্ট্রমন্ত্রী সর্দার বল্লভভাই প্যাটেল ঔপনিবেশিক শাসকদের সব চক্রান্ত ব্যর্থ করে ক্ষুদ্র ক্ষুদ্র রাজ্যগুলিকে একত্রিত করে ঐক্যবদ্ধ ভারত গড়ে তুলেছিলেন। প্রধানমন্ত্রী কংগ্রেসের নাম না করে একহাত নেন। গুজরাত নির্বাচনের আগে তাঁর ওই মন্তব্য রাজনৈতিক দিক থেকে অত্যন্ত তাৎপর্যপূর্ণ। তিনি বলেন, দেশ গঠনের ক্ষেত্রে সর্দার বল্লভভাই প্যাটেলের অবদানকে উপেক্ষা করেছে অতীতের কেন্দ্রীয় সরকারগুলি। কেউ কেউ তাঁর অবদান ভুলিয়ে দেওয়ার চেষ্টা করেছে। সেই সব চেষ্টা সত্ত্বেও দেশের যুব সম্প্রদায় বল্লভভাই প্যাটেলের অবদানের কথা মনে রেখে দিল্লির মেজর ধ্যানচাঁদ ন্যাশনাল স্টেডিয়ামে ‘রান ফর ইউনিটি’র সূচনার আগে এদিন সর্দার প্যাটেলের সৌধে পুষ্পার্ঘ্য অর্পণ করেন প্রধানমন্ত্রী। মোদী বলেন, সর্দার প্যাটেলের জন্মদিনে আমরা তাঁকে স্মরণ করছি। ভারতের স্বাধীনতা সংগ্রাম এবং স্বাধীনতার পরে দেশ গঠনের জন্য তিনি যা করেছেন তাতে আমরা গর্বিত। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ক্রীড়াবিদ্ সর্দার সিং, দীপা কর্মকার, সুরেশ রায়না, কারনাম মালেশ্বরী।

প্রসঙ্গত, মোদী সরকার ঘোষণা করেছিল, সর্দার প্যাটেলের জন্মদিনটি সারা দেশে রাষ্ট্রীয় একতা দিবস হিসেবে পালিত হবে।

গুজরাত বিধানসভা নির্বাচনের আগে প্রধানমন্ত্রী মোদীর মন্তব্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। কারণ সর্দার বল্লভভাই প্যাটেল ছিলেন গুজরাতের মানুষ। সুতরাং প্যাটেল সম্প্রদায়কে প্রভাবিত করার চেষ্টা হবে বলেই রাজনৈতিক মহলের ধারণা। কেন্দ্রীয় মন্ত্রী অনন্ত কুমার, বিজয় গোয়েল, রাজ্যবর্ধন সিং রাঠোর, হরদীপ পুরী প্রমুখ এই অনুষ্ঠানে যোগদান করেন। সর্দার জন্মগ্রহণ করেছিলেন ১৮৭৫ সালের ৩১ অক্টোবর। তাঁর মৃত্যু হয় ১৯৫০ সালের ১৫ ডিসেম্বর।

১,০০০ কিমি সুড়ঙ্গ দিয়ে তাকলামাকান মরুভূমিতে জল পাঠাবে চিন

বেজিং, ৩১ অক্টোবর : ব্রহ্মপুত্র নদের জল তিব্বত থেকে প্রায় শুকিয়ে যাওয়া শিনজিয়াং প্রদেশে পাঠাতে দীর্ঘ ১,০০০ কিলোমিটার সুড়ঙ্গ পথ খননের পরিকল্পনা নিয়েছে চিন। সংবাদ সংস্থা সূত্রে খবর, প্রস্তাবিত সুড়ঙ্গটি দক্ষিণ তিব্বতের ইয়ার্লাং সাংপো নদ, যা ভারতে ব্রহ্মপুত্র বলেই পরিচিত। এই নদীর জল থেকে বিভিন্ন জলপ্রপাত ও ঝর্নার মাধ্যমে তার পথ পরিবর্তন করে নিচে নামিয়ে এনে শিনজিয়াং প্রদেশের বিখ্যাত মরুভূমি তাকলামাকানে ফেলা হবে বলে জানানো হয়েছে বেজিং প্রশাসনিক সূত্রে। উল্লেখ্য, চিনের বৃহত্তম প্রশাসনিক কার্যালয় শিনজিয়াং মূলত ঊষর মরুভূমি ও শুষ্ক তৃণভূমি দিয়ে ঘেরা। পরিবেশবিদ্‌দের আশঙ্কা, এই পরিকল্পনা যদি চিন সফলভাবে রূপায়ণ করতে পারে, একদিকে যেমন শিনজিয়াং পরিণত হবে আমেরিকার ক্যালিফোর্নিয়ায়, বিপরীত দিকে হিমালয় পর্বতমালার উপর ব্যাপক কুপ্রভাব পড়বে। এই প্রভাব হিমালয় সংলগ্ন অঞ্চলগুলিতে প্রাকৃতিক ভারসাম্য নষ্ট করবে বলে আশঙ্কা পরিবেশবিদ্‌দের।

চিনে এখনও পর্যন্ত বৃহত্তম সুড়ঙ্গ হল লিয়াওনিং প্রদেশের ৮৫ কিলোমিটার দৈর্ঘ্যের দাহুওফাং জলপ্রকল্প। অন্যদিকে বিশ্বের সবচেয়ে দীর্ঘতম সুড়ঙ্গ পথটি নিউ ইয়র্ক শহরের নিচে দিয়ে ১৩৭ কিলোমিটার দীর্ঘ শহরে জল সরবরাহকারী পাইপলাইন।

কূটনৈতিক মহলের বক্তব্য, অতীতে ব্রহ্মপুত্রের উপর চিনের একাধিক বাঁধ নির্মাণ নিয়ে অসন্তোষ আগেই জানিয়েছিল ভারত। যদিও বাঁধ তৈরি হলেও জলাধার তৈরির কোনও প্রকল্প নেই বলে নয়াদিল্লি ও ঢাকাকে জানানো হয় বেজিংয়ের পক্ষ থেকে। গত মার্চ মাসে চিন সরকার তিব্বত-শিনজিয়াং সুড়ঙ্গের খসড়া প্রস্তাব পেশ করে। ওই খসড়ার ভূমিকা নির্মাণ করেছেন ১০০ জন বিজ্ঞানী।

জানা গিয়েছে, দক্ষিণ তিব্বতের সাংরি প্রদেশ থেকে ব্রহ্মপুত্রের জল টেনে নিয়ে ওই প্রস্তাবিত সুড়ঙ্গের মধ্য দিয়ে শিনজিয়াং প্রদেশে নিয়ে যাওয়ার প্রস্তাব রাখা হয়েছে। তবে চিনের বিজ্ঞানীরা এমনটাও জানিয়েছেন, এই সুদীর্ঘ সুড়ঙ্গ পথে জল টেনে নিয়ে যাওয়ার আগে তৈরি করতে হবে কৃত্রিম দ্বীপ। নাহলে নদের জলে সমস্ত ভেসে যাবে।

গ্রিনজোনে বিস্ফোরণ মৃত কমপক্ষে ১৪

কাবুল, ৩১ অক্টোবর : আফগানিস্তানের কাবুলে ওয়াজির আকবর খান অঞ্চলে সব থেকে অভিজাত এলাকা গ্রিনজোনে আত্মঘাতী বিস্ফোরণে মৃতের সংখ্যা কমপক্ষে ১৪, জখম ১৩ জন। তবে মৃতের সংখ্যা বাড়তে পারে বলে আশঙ্কা, এ কথা জানিয়েছেন আফগানিস্তানের স্বাস্থ্যমন্ত্রী। মূলত কাবুলের এই গ্রিনজোনে রয়েছে অস্ট্রেলিয়া সহ বিভিন্ন দেশের কূটনীতিকদের বাসভবন এবং দূতাবাস। এই হাই সিকিউরিটি জোনকেই টার্গেট করে জঙ্গিরা। মঙ্গলবার আফগানিস্তানের স্থানীয় সময় বিকেল ৪টে নাগাদ এক বাইক আরোহী আত্মঘাতী জঙ্গি এই বিস্ফোরণ ঘটায়। নিজেকে উড়িয়ে দেয় সে। আফগান প্রতিরক্ষা মন্ত্রক সংবাদ সংস্থাকে উদ্ধৃত করে জানিয়েছে, প্রথম চেকপোস্ট পেরিয়ে গেলেও দ্বিতীয় চেকপোস্টে ওই আত্মঘাতী জঙ্গিকে আটকে দেয় নিরাপত্তা রক্ষীরা। তখনই বাধা পেয়ে সে নিজেকে উড়িয়ে দেয়। হতাহতরা সকলেই পথচলতি সাধারণ মানুষ। কোনও কূটনীতিকের মৃত্যু হয়নি বলে এখনও পর্যন্ত জানাচ্ছে আফগান প্রশাসন।

হোয়াইট হাউসে ‘হ্যালোইন ডে’ উদ্‌যাপনে ট্রাম্প দম্পতি

ওয়াশিংটন, ৩১ অক্টোবর : মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এবং তাঁর স্ত্রী মেলানিয়া ট্রাম্প হোয়াইট হাউসে পালন করলেন ‘হ্যালোইন ডে’। উল্লেখ্য, প্রতি বছর অক্টোবর মাসের শেষ দিন অর্থাৎ ৩১ অক্টোবর বিদেহী আত্মাদের তৃপ্ত করতে এই দিনটি পালন করা হয়। মূলত আমেরিকা, ইউরোপের বিভিন্ন দেশে পালন করা হয় ‘হ্যালোইন ডে’। মার্কিন প্রেসিডেন্ট হওয়ার পর ট্রাম্প এবং তাঁর স্ত্রী মেলানিয়া হোয়াইট হাউসে এ বছরই ছিল হ্যালোইন ডে’র প্রথম উদ্‌যাপন। এই উপলক্ষ্যে হোয়াইট হাউসে ৬,০০০ শিশুকে আমন্ত্রণ জানানো হয়েছিল। তাদের সঙ্গে তাদের অভিভাবক ও বিভিন্ন সরকারি আধিকারিকরাও অংশ নিয়েছিলেন হ্যালোইন ইভে। কলম্বিয়া, মেরিল্যান্ড এবং ভার্জিনিয়ারা মোট ২০টি স্কুলের পড়ুয়ারা হোয়াইট হাউসে দেখা করেন মার্কিন প্রেসিডেন্ট ও তাঁর স্ত্রীর সঙ্গে। হোয়াইট হাউসের সাউথ লনে হয় মূল অনুষ্ঠানটি। শিশুরা নানারকম ছদ্মবেশে অভিবাদন জানান মার্কিন প্রেসিডেন্ট ও তাঁর স্ত্রীকে। এই খুদে পড়ুয়াদের হাতে নানারকম উপহার তুলে দেন ট্রাম্প ও তাঁর স্ত্রী। তারা নিজেরাও এদিন হ্যালোইন ডে’র জন্য বিশেষভাবে নির্মিত পোশাক পরেছিলেন। পাশ্চাত্যে মূলত এই দিনটিকে ‘ট্রিক অ্যান্ড ট্রিট’ বলে উল্লেখ করা হয়। ছোট ছোট শিশুরা নানারকম ভৌতিক ছদ্মবেশে বড়দের কাছ থেকে উপহার, চকোলেট ইত্যাদি পেয়ে থাকে। শিশুদের আনন্দ দিতেই হোয়াইট হাউসে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়েছিল বলে মার্কিন প্রশাসনিক সূত্রের খবর। মেলানিয়া ট্রাম্প শিশুদের হ্যাপি হ্যালোইন বলে শুভেচ্ছাও জানান। এই উপলক্ষ্যে ৩০ অক্টোবর মার্কিন সময় অনুযায়ী মধ্যরাতে ট্রিক অ্যান্ড ট্রিটের পার্টিও দেওয়া হয়ে।

উল্লেখ্য, বিশ শতকের গোড়া থেকেই মার্কিন প্রেসিডেন্টরা হোয়াইট হাউসে এই হ্যালোইন ডে সেলিব্রেশন শুরু করেছিলেন। এর আগেও বিল ক্লিন্টন, বারাক ওবামারা একইভাবে মার্কিন প্রেসিডেন্ট থাকাকালীন শিশুদের সঙ্গে নিয়ে হ্যালোইন ডে সেলিব্রেশন করতেন। তাদের জন্য বিশেষ নৈশভোজেরও ব্যবস্থা রাখা হত। রীতি অনুযায়ী পোশাকও পরতেন তারা। মার্কিন প্রেসিডেন্ট হিসেবে ডোনাল্ড ট্রাম্প তাঁর পূর্বসূরিদের রীতি অনুসরণ করলেন বলে মনে করা হচ্ছে।

উদ্‌যাপন... হোয়াইট হাউসে ‘হ্যালোইন ডে’ পালনে ব্যস্ত সস্ত্রীক ডোনাল্ড ট্রাম্প।

নাইজেরিয়ায় মসজিদে আত্মঘাতী হানায় হত ৫

কানো, ৩১ অক্টোবর : আত্মঘাতী বোমা বিস্ফোরণে নাইজেরিয়ায় মৃত্যু হল পাঁচজনের। উত্তর-পূর্ব নাইজেরিয়ার একটি মসজিদে এই বিস্ফোরণটি ঘটে। নাইজেরিয়া প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে, প্রার্থনায় অংশগ্রহণের কথা বলে এক ব্যক্তি ওই মসজিদের ভেতরে প্রবেশ করে। সেই ছিল আসলে আত্মঘাতী জঙ্গি। তারপর মসজিদের ভেতরে প্রবেশ করে সে বিস্ফোরণটি ঘটায়। নাইজেরিয়ার সিভিলিয়ান জয়েন্ট টাস্ক ফোর্স সূত্রের খবর, এই পুরুষ আত্মঘাতী বোমারু মসজিদে প্রবেশ করে। সেই সময় প্রচুর মানুষ প্রার্থনার উদ্দেশ্যে সমবেত হয়েছিলেন। বিস্ফোরণের জেরে ঘটনাস্থলেই পাঁচজনের মৃত্যু হয়। বিস্ফোরণ ঘটিয়ে নিজেকেও উড়িয়ে দেয় ওই আততায়ী। উল্লেখ্য, গত সপ্তাহে নাইজেরিয়াতেই জোড়া বিস্ফোরণে ১৩ জনের মৃত্যু হয়। তবে শুধু নাইজেরিয়াই নয়, কয়েকদিন আগে আফগানিস্তানে মসজিদ চত্বরে একইভাবে আত্মঘাতী বিস্ফোরণ ঘটিয়ে প্রাণহানির ঘটনা ঘটে। ঘটনার তদন্ত শুরু করেছে নাইজেরিয়া পুলিশ।

চেন্নাইয়ে ভারী বৃষ্টিতে বিপর্যস্ত জনজীবন

চেন্নাই, ৩১ অক্টোবর : চেন্নাইয়ে ভারী বৃষ্টির জেরে বিপর্যস্ত জনজীবন। ছুটি ঘোষণা করা হয়েছে সমস্ত স্কুল ও কলেজগুলিতে বিভিন্ন এলাকায় জল দাঁড়িয়ে গিয়েছে। রাস্তায় তীব্র যানজট। সাধারণ মানুষকে সমুদ্রের ধারে যেতে নিষেধ করেছে প্রশাসন। চেন্নাই ছাড়াও কাঞ্চিপুরম, তিরুভাল্লুরে বিভিন্ন জরুরি পরিষেবা এবং স্কুল-কলেজও বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সোমবার সারাদিন ঝোড়ো হাওয়ার পর মঙ্গলবার সকাল থেকে বৃষ্টি শুরু হয়েছে চেন্নাইয়ে। এখনও পর্যন্ত বাড়ির দেওয়াল চাপা পড়ে এক ব্যক্তির মৃত্যুর খবর এসেছে তাঞ্জাভুর জেলা থেকে। এছাড়াও চেন্নাই শহরতলি এলাকায় বাজ পড়ে মৃত্যু হয়েছে দু’জনের। সারারাত ধরে অবিরাম বৃষ্টির ফলে প্রায় দু’ফুট জল দাঁড়িয়ে গিয়েছে রাস্তায়। গাড়ি চলাচল থমকে গিয়েছে। আন্নানগর, ভাডাপালানি, আম্বাত্তুর, পেরাম্বুর ইত্যাদি এলাকা সম্পূর্ণভাবে জলের তলায়। উল্লেখ্য, ভারতের চতুর্থ জনবহুল শহর হল চেন্নাই। কিন্তু চেন্নাই আবহাওয়া দফতর সূত্রের খবর, আগামী তিনদিকে ভারী থেকে অতি ভারী বৃষ্টির পূর্বাভাস রয়েছে, যে কারণে জাতীয় বিপর্যয় মোকাবিলা বাহিনীকে তৈরি থাকার নির্দেশ দেওয়া হয়েছে।

মুম্বইয়ে অবিরাম বৃষ্টি।